

নং- ১৬.০০.০০০০.০০৩.৩০.০০৭.১৭-৯০

তারিখঃ ১১/০১/২০১৮ খ্রিঃ

২০১৮ সনে সম্মানিত হজে গমনেচ্ছু ব্যক্তিবর্গের জন্য জরুরি বিজ্ঞপ্তি

২০১৮ সনের সম্মানিত হজে গমনেচ্ছু ব্যক্তিবর্গকে জানানো যাচ্ছে যে, সরকারি ব্যবস্থাপনায় হজের প্রাক-নিবন্ধন কার্যক্রম চলছে যা আগামী ৩১ শে জানুয়ারি ২০১৮ খ্রি. পর্যন্ত বহাল থাকবে। শুধুমাত্র সরকারি ব্যবস্থাপনায় ২০১৮ সনের হজের প্রাক নিবন্ধন করার সুযোগ রয়েছে। বেসরকারি এজেন্সীর মাধ্যমে প্রাক-নিবন্ধনের কোটা ইতোমধ্যেই পূর্ণ হয়েছে।

০২। সরকারি ব্যবস্থাপনায় সম্মানিত হজযাত্রীদের নিম্নরূপ সুবিধা প্রদান করা হয়ে থাকে:

- (ক) যথাসময়ে ভিসা এবং বিমান টিকেট প্রাপ্তির নিশ্চয়তা;
- (খ) নির্ধারিত সময়ে বাংলাদেশ থেকে সৌদি আরবে গমন, সৌদি আরব থেকে বাংলাদেশে প্রত্যাবর্তন এবং মদিনা শরিফে ৪০ (চল্লিশ) ওয়াক্ত নামাজ আদায়ের ব্যবস্থাসহ যথাসময়ে মদিনা আল মোনাওয়ারা গমন;
- (গ) মিনায় জামারার (পাথর নিক্ষেপের স্থান) নিকটবর্তী স্থান এবং আরাফায় মসজিদে নামিরার অতি নিকটবর্তী স্থানে তাঁবুতে অবস্থান;
- (ঘ) মেট্রোরেল/উন্নতমানের বাসে মিনা, আরাফা, মুজদালিফায় যাতায়াতসহ প্রশিক্ষিত গাইডের অধীনে হজ পালনে সহায়তা প্রদান;
- (ঙ) এ-প্যাকেজের সম্মানিত হাজীদের হারাম শরীফ হতে ৫০০ থেকে ১০০০ মিটারের মধ্যে, বি-প্যাকেজের হাজীদের ১০০০ থেকে ২০০০ মিটারের মধ্যে এবং মদিনা শরীফে মসজিদে নববীর নিকটবর্তী উন্নতমানের হোটেল/বাড়িতে অবস্থানের ব্যবস্থা;
- (চ) মস্কা আল মোকাররমা এবং মদিনা আল মোনাওয়ারায় একই হোটেল/বাড়িতে অবস্থানের সুযোগ;
- (ছ) অভিজ্ঞ ডাক্তার, নার্স, ফার্মাসিস্ট এবং এ্যাম্বুলেন্স সুবিধা সম্বলিত সার্বক্ষণিক স্বাস্থ্যকেন্দ্রের মাধ্যমে মস্কা, মদিনা, জেদ্দায় চিকিৎসা সেবা প্রদান;
- (জ) হজের পুস্তিকা, গাইড, নির্দেশিকা, লিফলেট ও অন্যান্য সামগ্রী বিনামূল্যে বিতরণ।

০৩। প্রাক-নিবন্ধনের জন্য নিম্নলিখিত ঠিকানায় যোগাযোগ করুন:

১. হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
২. জেলা প্রশাসকের কার্যালয়সমূহ।
৩. ইসলামিক ফাউন্ডেশনের কেন্দ্রীয় ও জেলা কার্যালয়সমূহ।
৪. ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্রসমূহ।
৫. বিস্তারিত জানতে যোগাযোগ করুন:

হট লাইন নম্বর: 09602666707

ভিজিট করুন: www.hajj.gov.bd/www.mora.gov.bd

facebook page: www.facebook.com/moragovbd

এস.এম. মনিরুজ্জামান


সহকারী সচিব

ফোন: ৯৫৮৪৩২২

e-mail: morahajsection@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
২. মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় (সকল জেলা)।
৪. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
৫. ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিবের সদয় অবগতির জন্য)।
- ✓ ৬. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি www.mora.gov.bd ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন.....(সকল জেলা)।
৮. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২, কাওরান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. অফিস কপি।


এস.এম. মনিরুজ্জামান
সহকারী সচিব (হজ-২)।